ছেলেকে বাঁচাতে গিয়ে বিএনপির হামলায় নারী নিহতের অভিযোগ

ছবি: সংগৃহীত

কক্সবাজারের উখিয়া উপজেলার রাজাপালং ইউনিয়নের টাইপালং এলাকায় ছেলেকে মারধরের হাত থেকে বাঁচাতে গিয়ে ছৈয়দা বেগম (৪৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। শনিবার (১৬ মে) রাতে এ ঘটনা ঘটে।

নিহত ছৈয়দা বেগম স্থানীয় বাসিন্দা ছব্বির আহমদের স্ত্রী। পরিবারের অভিযোগ, বিএনপি ও ছাত্রদলের কয়েকজন নেতাকর্মীর হামলায় তিনি গুরুতর আহত হন এবং পরে হাসপাতালে মারা যান।

স্থানীয় সূত্র জানায়, প্রায় এক সপ্তাহ আগে টাইপালং মাদ্রাসার দেয়ালে ‘জয় বাংলা’ গ্রাফিতি লেখাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা তৈরি হয়। শনিবার রাতে ছাত্রদল নেতা জিসানের একটি ফেসবুক পোস্টে ছাত্রলীগ নেতা ইউনুস ‘হা হা’ রিয়েক্ট দিলে বিষয়টি নিয়ে নতুন করে বিরোধ দেখা দেয়।

এর জেরে একদল লোক ইউনুসকে ধরে মারধর শুরু করে। খবর পেয়ে তার মা ছৈয়দা বেগম ঘটনাস্থলে গিয়ে ছেলেকে রক্ষা করার চেষ্টা করলে তাকেও মারধর করা হয়। পরে গুরুতর আহত অবস্থায় তাকে উখিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

নিহতের স্বজনরা অভিযোগ করেন, স্থানীয় কয়েকজন বিএনপি ও ছাত্রদল নেতাকর্মীর নেতৃত্বে এ হামলা চালানো হয়। তবে ঘটনার পরও জড়িতদের গ্রেপ্তার করা হয়নি বলে দাবি তাদের।

উখিয়া থানার ওসি মুজিবুর রহমান জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।